

B.A. 1<sup>st</sup> Semester (Programme) Examination, 2022

বাংলা

Course Title: উনিশ শতকের বাংলা সাহিত্যের সাধারণ পরিচয়

Course Code: APBNG-103C-MIL-1

Course ID: 10119

সময়ঃ ২ ঘণ্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

- ক) “পূর্বে বেদমতগার ছিলাম এখন খানসামাগিরি করি।” - ‘বেদমতগার’ ও ‘খানসামা’ শব্দদুটির অর্থ লেখো।
- খ) ‘কথোপকথন’ গ্রন্থে ‘ভূমির কথা’ অংশে কৃষক বৈশাখ মাসে বৃষ্টি হলে কোন্ কোন্ ফসল চাষ করে থাকেন?
- গ) “কেহ বলে এ যে দেখি সাগরের ঢেউ।” - কোন কবিতার অংশ? ‘সাগরের ঢেউ’ বলতে কবি কী বুঝিয়েছেন?
- ঘ) “নলিনী কি গুণ দেখে বিকসিত হয়?” - কার লেখা কোন কবিতার অংশ? ‘নলিনী’ শব্দের অর্থ কী?
- ঙ) ‘কুলীনকুলসর্বস্ব’ নাটকে উল্লিখিত বিয়ে-পাগলা বুড়ো চরিত্রগুলির নাম লেখো।
- চ) “ওমা বে কাকে বলে মা?” - কে কাকে একথা বলেছে? এমন বলার কারণ কী?
- ছ) ‘রাজপুত জীবনসন্ধ্যা’ উপন্যাসটির পরিচ্ছেদ সংখ্যা কত? উপন্যাসের প্রথম পরিচ্ছেদের নাম কী?
- জ) রাণা প্রতাপ কোন্ রাজ্যের অধিপতি ছিলেন? তাঁর ঘোড়ার নাম কী ছিল?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

- ক) ‘কথোপকথন’ গ্রন্থের ভাবারীতির বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।
- খ) “কালগুণে এই দেশে বিপরীত সব।”- কবি কালগুণে কোন্ কোন্ বিপরীত ঘটনা প্রত্যক্ষ করেছেন, আলোচনা করো।